# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৪৫

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ সফরে সিয়াম রাখা অপছন্দনীয় হওয়ার কারণ হলো ব্যক্তি দুর্বল হয়ে যাওয়ার আশংকা থাকা; এজন্য নয় যে, সফরে সিয়াম রাখা পুণ্যের বিপরীত কাজ

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ الصَّوْمَ فِي السَّفَرِ إِنَّمَا كُرِهَ مَخَافَةَ أَنْ يَضْعُفَ الْمَرْءُ دُونَ أَنْ يَكُونَ اسْتِعْمَالُهُ ضِدًّا لِلْبَرِّ

---

আরবী

3545 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عُمَرَ بْنِ يُوسُفَ قَالَ: حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ الْجَهْضَمِيُّ قَالَ: حَدَّثَنَا بِشْرِ بْنِ الْمُفَضَّلِ قَالَ: حَدَّثَنَا عُمَارَةُ بْنُ غَزِيَّةَ عَنْ مُحَمَّدِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زرارة: عن جابر بن عبد الله: خَرَجْنَا مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فِي غَزَاةِ تَبُوكَ وَكَانَتْ تُدْعَى غَزْوَةُ الْعُسْرَةِ فَبَيْنَمَا نَسِيرُ بَعْدَمَا أَضْحَى النَّهَارُ فَإِذَا هو بجماعة تحت ظل شجرة فقالوا: يارسول الله رجل صائم فَجَهَدَهُ الصَّوْمُ فَقَالَ صلى الله عليه وسلم: (ليس البر أن تصوموا في السفر)
الراوي : جَابِر بْن عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3545 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2082): ق.

বাংলা

৩৫৪৫. জাবির বিন আব্দুল্লাহ রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে তাবূক যুদ্ধে বের হই। এই যুদ্ধকে গাযওয়াতুল উসরাহ বা কঠিন যুদ্ধ হিসেবে অভিহিত করা হয়। আমরা একদিন মধ্যাহ্নের আগে চলছিলাম। এমন সময় তিনি একটি গাছের ছায়ার নিচে একদল লোক দেখতে পান। লোকজন তাঁকে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, এক ব্যক্তি সিয়াম রেখেছে। অতঃপর সিয়াম রাখা তার জন্য কষ্টকর হয়ে গেছে।তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “সফরে (এভাবে) সিয়াম রাখা পুণ্যের কাজ নয়।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/২৯৯; সহীহ ইবনু খুযাইমাহ: ২০১৭; আত তায়ালিসী: ১৭২১; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/১৪; দারেমী: ২/৯; সহীহুল বুখারী: ১৯৪৬; সহীহ মুসলিম: ১১১৫; আবূ দাঊদ: ২৪০৭; নাসাঈ: ৪/১৭৭; বাগাবী: ১৭৬৪; সুনান বাইহাকী: ৪/২৪২; তাহাবী: ২/৬২-৬৩।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92879

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন